# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ২১৩৬

পর্ব-৮: কুরআনের মর্যাদা (كتاب فضائل القرآن)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

اَلْفَصْلُ الثَّانِىْ

### আরবী

وَعَنْ أَبِي سَعِيدٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: يَقُولُ الرَّبُّ تَبارَكَ وَتَعَالَى: مَنْ شَغَلَهُ الْقُرْآنُ عَنْ ذِكْرِي وَمَسْأَلَتِي أَعْطَيْتُهُ أَفْضَلَ مَا أُعْطِي السَّائِلِينَ. وَفَضْلُ كَلَامِ اللَّهِ عَلَى سَائِرِ الْكَلَامِ كَفَضْلِ اللَّهِ عَلَى خَلْقِهِ . رَوَاهُ التِّرْمِذِيُّ وَالدَّارِمِيُّ وَالْبَيْهَقِيُّ فِي شُعَبِ الْإِيمَانِ وَقَالَ التِّرْمِذِيُّ هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ

### বাংলা

২১৩৬-[২৮] আবূ সা’ঈদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আল্লাহ তা’আলা বলেন, যাকে আমার জিকির ও আমার কাছে কিছু চাওয়া হতে কুরআন বিরত রেখেছে, আমি তাকে প্রার্থনাকারীদের চেয়ে বেশি দান করব। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেন, কেননা আল্লাহর কালামের শ্রেষ্ঠত্ব অন্য সব কালামের উপর; যেমন আল্লাহর শ্রেষ্ঠত্ব তাঁর সৃষ্টির উপর। (তিরমিযী, দারিমী ও বায়হাক্বী- শু’আবূল ঈমানে। ইমাম তিরমিযী বলেছেন, হাদীসটি হাসান ও গরীব।)[1]

### ফুটনোট

[1] য’ঈফ : তিরমিযী ২৯২৬, য’ঈফাহ্ ১৩৩৫, য’ঈফ আত্ তারগীব ৮৬০, য’ঈফ আল জামি‘ ৬৪৩৫, দারিমী ৩৩৯৯, শু‘আবূল ঈমান ১৮৬০। কারণ এর সানাদে ‘আত্বিয়্যাহ্ আল আওফী একজন দুর্বল রাবী এবং মুহাম্মাদ ইবনু হাসান ইবনু আবী ইয়াযীদ মিথ্যার অপবাদপ্রাপ্ত রাবী। ইবনু মা‘ঈন (রহঃ) তাকে অবিশ্বস্ত বলে অবহিত করেছেন।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: কুরআন তিলাওয়াতে ব্যস্ত থাক কারণে যে অন্যান্য জিকির-আযাকার করতে পারে না, নিজের ইচ্ছাপূরণের

জন্য দু‘আ করতে পারে না, আল্লাহ তা‘আলা তাকে ঐ সুমহান কিতাবের মর্যাদার কারণে প্রার্থনাকারীর চেয়ে অধিক দিয়ে দেন। এমনকি সে যা কল্পনাও করেনি তাও তাকে দিয়ে দেন। সে যেন আল্লাহর এ বাণীর হকদার হয়ে যায়, (من كان لله كان الله له) যে আল্লাহর জন্য হয় আল্লাহও তার জন্য হয়ে যান। ইমাম শাওকানী (রহঃ) বলেন, এ হাদীসে দলীল পাওয়া যায় যে, যে ব্যক্তি কুরআন তিলাওয়াতে ও গবেষণায় ব্যস্ত থাকে তার পুরস্কার সবেচেয়ে বেশি এবং বড়। কেননা আল্লাহর কালাম হলো সবার উপরে এবং সর্বশ্রেষ্ঠ। সুতরাং তার পাঠকারীর সাওয়াব ও মর্যাদাও হবে সবার উপরে এবং সর্বশ্রেষ্ঠ।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56696

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন